

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.০২৮.২০১৭- ৬২৪


তারিখ : ২০/০১/১৭

বিষয় : রীট পিটিশন নং-১০০৪/২০১৭ বাদী জনাব মোঃ রঞ্জু মিয়া মন্ডল, পিতা-মোঃ বজলার রহমান মন্ডল ওরফে  
বলু মিয়া মন্ডল, গ্রাম-সরলপুর, থানা-বগুড়া সদর, জেল-বগুড়া-বনাম-সরকার ও অন্যান্য।

বগুড়া সদর থানার অন্তর্গত চাঁদমুহা হাট এর ইজারা একবছর বর্ধিত করার দাবীতে বাদী কর্তৃক রীট পিটিশন  
নং-১০০৪/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব  
দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। একই সাথে বাদী কর্তৃক দাখিলকৃত ২৯-১২-২০১৬ তারিখের আবেদন ৬০(ষাট)  
দিনের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশনা দেওয়া হয়েছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের  
পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise  
statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী  
ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে  
জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের  
উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
উপসচিব (অইন-১)  
ফোন-৯৫৪০৯৯৫।

- ১। জেলা প্রশাসক  
বগুড়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার  
বগুড়া সদর, বগুড়া।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয়  
ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।